

যশোর এমএম কলেজের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম

যশোর প্রতিনিধি

দক্ষিণবঙ্গের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান যশোর সরকারি এমএম কলেজের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম হয়েছে। কলেজে দীর্ঘদিন ধরে অধ্যাপকসহ ৪৩ জন শিক্ষকের পদ শূন্য থাকার কারণে শিক্ষাদানের ক্ষেত্রে এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, এমএম কলেজে অনার্স ও মাস্টার্স কোর্সে ১৬টি বিষয়ে প্রায় ১০ হাজার ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। কলেজে শিক্ষকের পদ রয়েছে মোট ১৪৮টি। এর মধ্যে ৪৩টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ছাত্রছাত্রীরা বারবার দাবি জানানো সত্ত্বেও কলেজের অধ্যাপক সংকটের কোন সুরাহা করেননি। ১৩ জনের পরিবর্তে মাত্র ৩ জন অধ্যাপক দিয়ে নামমাত্র ক্লাস চালান হচ্ছে। কলেজে ৩৫ জন সহযোগী অধ্যাপক থাকার কথা কিন্তু ২৭ জন দিয়ে পরিস্থিতি সামাল দেয়া হচ্ছে। প্রভাষক নিয়োগের ক্ষেত্রেও একই সমস্যা বিরাজ করছে। ৫৪ জন প্রভাষকের মধ্যে ২৩টি পদে কোন শিক্ষক নেই। কলেজে সহকারী অধ্যাপকের ২টি পদও বহুদিন ধরে শূন্য রয়েছে। বিভিন্ন সংগঠনের ছাত্র নেতৃবৃন্দ জানান, শিক্ষক সংকটের কারণে অর্থনীতি, ব্যবস্থাপনা, রসায়ন, গণিত, উদ্ভিদ বিদ্যা, ভূগোল, পদার্থ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ইংরেজি, সমাজ বিজ্ঞান, ইসলামী শিক্ষা, প্রাণী বিদ্যা ও বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা পড়েছে মহাসমস্যায়। কলেজে অধ্যয়নরত বেশ কয়েকজন মেধাবী ছাত্রছাত্রী ফ্লোভের সঙ্গে জানান, অনার্স ও মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশের ক্ষেত্রে বহুদূর যশোর জেলার কবোচ্চ বিদ্যাপীঠ হিসেবে পরিচিত এমএম

কলেজের যে সুনাম ও সুখ্যাতি রয়েছে, প্রয়োজনীয় শিক্ষকের অভাবে তা ধরে রাখা কঠিন হয়ে পড়বে। এ ব্যাপারে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কলেজের শিক্ষক সংকটের কথা স্বীকার করে বলেন, বিষয়টি নিয়ে তারাও উদ্বিগ্ন। প্রশাসনিক বিভাগের একজন কর্মকর্তা জানান, বিষয়টি অনেক আগেই উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। কিন্তু নানা কারণে শূন্য পদগুলো পূরণ করা সম্ভব হচ্ছে না।